গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, ঢাকা
www.dch.gov.bd
Email:dch@nbr.gov.bd

নথি নং- ৫-কাস-১২(১৬)/বিশেষ ই-নিলাম-০১/২০২৬/মূলনথি/২০২৬/ তারিখ: /০৬/২০২৬ খ্রি.

**বিষয়: কাস্টমস হাউস, ঢাকার বিশেষ ই-নিলাম নং- ০১/২০২৬ এর আওতাভুক্ত দাবীদারবিহীন/ বাজেয়াপ্তকৃত পণ্যসমূহের নিলাম কার্যক্রম গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের অধিভুক্ত এয়ারফ্রেইট ইউনিট এবং এক্সপ্রেস সার্ভিস ইউনিটে কর্ম উপযোগিতা ও সক্ষমতা বৃদ্ধি, উদ্ভূত নিরাপত্তাজনিত ঝুঁকি নিরসন, ভৌত ও আর্থিক নিরাপত্তাসহ জানমালের নিরাপত্তা নিশ্চিতকরণ এবং রাষ্ট্রীয় সম্পদের অপচয় রোধকল্পে এয়ারফ্রেইট ইউনিট এবং এক্সপ্রেস সার্ভিস ইউনিট এ রক্ষিত বিভিন্ন প্রকার পণ্য যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে আগামী ০২/০৭/২০২৬ খ্রি. তারিখে বিশেষ ই-নিলাম নং-০১/২০২৬ অনুষ্ঠানের দিন ধার্য করা হয়েছে।

২। জাতীয় রাজস্ব বোর্ডের নিলাম সংক্রান্ত বিশেষ আদেশ নং-২৬/২০২৬/কাস্টমস, তারিখ: ১০/০৬/২০২৫ খ্রি. এর নির্দেশনার আলোকে লটসমূহের সংরক্ষিত মূল্য ব্যতীত এবং স্থায়ী আদেশ নং-৯১/কাস্টমস/২০২৫/১২৩, তারিখ: ০২/০৭/২০২৫ খ্রি. অনুসারে বহুল প্রচারিত ০১ টি জাতীয় দৈনিক পত্রিকা এবং ০১ টি স্থানীয় দৈনিক পত্রিকা; জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট (www.nbr.gov.bd) এবং কাস্টমস হাউস, ঢাকা এর ওয়েবসাইটে (www.dch.gov.bd) ও সোশ্যাল মিডিয়ায় বিশেষ ই-নিলাম নং-০১/২০২৬ এর বিজ্ঞপ্তি নিলাম অনুষ্ঠিত হওয়ার কমপক্ষে ১০ (দশ) কার্যদিবস পূর্বে অর্থাৎ আগামী ১৮/০৬/২০২৬ খ্রি. তারিখে প্রকাশ করার জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

৩। **নিলাম বিজ্ঞাপনে নিম্নরূপ শর্ত উল্লেখ থাকবে:**

(ক) আগ্রহী নিলাম ক্রেতাগণ আগামী ১৯/০৬/২০২৬ খ্রি. তারিখ সকাল ৯:০০ টা হতে ০২/০৭/২০২৬ খ্রি. তারিখ দুপুর ১:০০ টা পর্যন্ত www.bangladeshcustoms.gov.bd, www.dch.gov.bd, www.nbr.gov.bd ওয়েবসাইটে উল্লিখিত E-Auction Website (https://auction.bdcustoms.gov.bd) এ রেজিস্ট্রেশন/নিবন্ধন বা বিডার লগইন করে উক্ত বিশেষ ই-নিলামে অংশগ্রহণ করতে পারবেন। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি শ্রেণীর দরদাতার ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র, টিআইএন সনদ ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র এবং দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন, টিআইএন সনদ ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র থাকতে হবে। অনলাইন নিলামে অংশগ্রহণকালে/বিড করার সময় দরপত্র/কোটেশন মূল্যের কমপক্ষে ১০% অর্থ জামানত হিসেবে যেকোন তফসিলি ব্যাংক হতে **"DCH Commissioner Auction Fund"** এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এর স্ক্যান কপি অনলাইনে দাখিল করতে হবে এবং পরবর্তীতে স্ক্যানকৃত পে-অর্ডারের মূল কপি ও প্রযোজ্য অন্যান্য দলিলাদি নির্ধারিত সময়ের (০২/০৭/২০২৬ খ্রি. তারিখ দুপুর ১:০০ টা) এর মধ্যে সীলগালাযুক্ত খামে কাস্টমস হাউস, ঢাকা এর নিলাম কমিটির সদস্য সচিবের দাপ্তরিক কক্ষের (কক্ষ নং- ২১৩) সম্মুখে রক্ষিত দরপত্র বাক্সে; কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা; কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এর নিলাম শাখায় রক্ষিত দরপত্র বাক্সে জমা প্রদান করতে হবে।

(খ) আগামী ২৩/০৬/২০২৬ খ্রি. থেকে ২৫/০৬/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালে সরেজমিন পণ্য পরিদর্শন করা যাবে।

(গ) এক্সপ্রেস সার্ভিস ইউনিটে রক্ষিত পণ্যসমূহ প্রদর্শনের জন্য আগ্রহী বিডারগণের নিরাপত্তা পাশ সংগ্রহের লক্ষ্যে ২১/০৬/২০২৬ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে তাদেরকে জাতীয় পরিচয়পত্রের (এনআইডি) অনুলিপি কাস্টমস হাউস, ঢাকার নিলাম শাখায় [কক্ষ নং- ৪১৭ (এ)] জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

(ঘ) লটসমূহের চূড়ান্ত তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে): ৩০/০৬/২০২৬ খ্রি.।

সংযুক্তি: নিলাম বিজ্ঞপ্তি।

স্বা.
মোঃ কেফায়েত উল্ল্যাহ মজুমদার
ডেপুটি কমিশনার অব কাস্টমস
ও
সদস্য সচিব, নিলাম কমিটি
কাস্টমস হাউস, ঢাকা

মেসার্স কে এম কর্পোরেশন (সরকারি নিলামকারী),
৮০, মতিঝিল বা/এ, ঢাকা।

নথি নং- ৫-কাস-১২(১৬)/বিশেষ ই-অকশন-০১/২০২৬/মূলনথি/২০২৬/ ৭৯১৯ (২০) তারিখ: ১৭/০৬/২০২৬ খ্রি.

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:**

০১। নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা (এক্সপ্রেস সার্ভিস ইউনিটে রক্ষিত পণ্য পরিদর্শনে আগ্রহী বিডারগণের নিরাপত্তা পাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

০২। সিস্টেমস ম্যানেজার (কাস্টমস গোয়েন্দা ও নিলাম), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭ (নিলাম দরপত্রের বিজ্ঞপ্তি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে (www.nbr.gov.bd) প্রকাশের অনুরোধসহ)।

০৩। দ্বিতীয় সচিব (কাস্টমস গোয়েন্দা ও নিলাম), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭ (নিলাম দরপত্রের বিজ্ঞপ্তি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে (www.nbr.gov.bd) প্রকাশের অনুরোধসহ)।

০৪। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস, এয়ারফ্রেইট ইউনিট, কাস্টমস হাউস, ঢাকা [তাঁকে নিলামকারী মেসার্স কে এম কর্পোরেশন (মোবাইল নম্বর ০১৮৪৬-৬৩০২৭৫) এর সহযোগিতায় বিশেষ ই-অকশন নম্বর- ০১/২০২৬ এর ক্যাটালগভুক্ত পণ্যসমূহ আগামী ২৩/০৬/২০২৬খ্রি. হতে ২৫/০৬/২০২৬ খ্রি. তারিখে দরদাতাগণের নিকট প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো]। ।

০৫। ডেপুটি/অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস, এক্সপ্রেস সার্ভিস ইউনিট,কাস্টমস হাউস, ঢাকা [তাঁকে নিলামকারী মেসার্স কে এম কর্পোরেশন (মোবাইল নম্বর ০১৮৪৬-৬৩০২৭৫) এর সহযোগিতায় বিশেষ ই-অকশন নম্বর- ০১/২০২৬ এর ক্যাটালগভুক্ত পণ্যসমূহ আগামী ২৩/০৬/২০২৬খ্রি. হতে ২৫/০৬/২০২৬ খ্রি. তারিখে দরদাতাগণের নিকট প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো]। ।

০৬। সহকারী ইডিপি ম্যানেজার, কাস্টমস হাউস, ঢাকা (তাঁকে নিলাম দরপত্রের বিজ্ঞপ্তি এ দপ্তরের ওয়েবসাইটে (www.dch.gov.bd) প্রকাশের ব্যবস্থার অনুরোধসহ)।

০৭। গুদাম কর্মকর্তা, রাষ্ট্রীয় গুদাম-১/২/৩, কাস্টমস হাউস, ঢাকা [তাঁকে নিলামকারী মেসার্স কে এম কর্পোরেশন (মোবাইল নম্বর ০১৮৪৬-৬৩০২৭৫) এর সহযোগিতায় বিশেষ ই-অকশন নং- ০১/২০২৬ এর ক্যাটালগভুক্ত পণ্যসমূহ আগামী ২৩/০৬/২০২৬খ্রি. হতে ২৫/০৬/২০২৬ খ্রি. তারিখে দরদাতাগণের নিকট প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো]।

০৮। আনসার, প্লাটুন কমান্ডার, কাস্টমস হাউস, ঢাকা। তাঁকে নিলামের বাক্স ও অফিসের নিরাপত্তার জন্য উল্লিখিত দিনগুলোতে ০২ (দুই) জন আনসার আগ্নেয়াস্ত্রসহ উপস্থিত রাখার জন্য অনুরোধ করা হলো।

০৯। পিএ টু কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা (কমিশনার অব কাস্টমস মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০। নোটিশ বোর্ড, কাস্টমস হাউস, ঢাকা।

২৭/০৫/২৬

মোঃ কেফায়েত উল্ল্যাহ মজুমদার
ডেপুটি কমিশনার অব কাস্টমস
ও
সদস্য সচিব, নিলাম কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, ঢাকা
www.dch.gov.bd
Email:dch@nbr.gov.bd

## বিশেষ ই-নিলাম ০১/২০২৬ এর বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের অধিভুক্ত এয়ারফ্রেইট ইউনিট এবং এক্সপ্রেস সার্ভিস ইউনিটে কর্ম উপযোগিতা ও সক্ষমতা বৃদ্ধি, উদ্ভুত নিরাপত্তাজনিত ঝুঁকি নিরসন, ভৌত ও আর্থিক নিরাপত্তাসহ জানমালের নিরাপত্তা নিশ্চিতকরণ এবং রাষ্ট্রীয় সম্পদের অপচয় রোধকল্পে এয়ারফ্রেইট ইউনিট, এক্সপ্রেস সার্ভিস ইউনিট এবং রাষ্ট্রীয় গুদামে রক্ষিত বিভিন্ন প্রকার পণ্য যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে এবং কাস্টমস হাউস, ঢাকা কর্তৃক ই-নিলাম সম্পর্কিত ওয়েবসাইটে (**https://auction.bdcustoms.gov.bd**) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত বিশেষ আদেশ নং-২৬/২০২৬/কাস্টমস, তারিখ: ১০/০৬/২০২৫ খ্রি. এর নির্দেশনার আলোকে লটসমূহের সংরক্ষিত মূল্য ব্যতীত প্রথম নিলামে কোন লটের বিপরীতে প্রাপ্ত মূল্যসমূহের মধ্যে সর্বোচ্চ মূল্যে সংশ্লিষ্ট লটের পণ্য বিক্রয়ের জন্য নিলাম কার্যক্রম সম্পাদনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় কাস্টমস হাউস ঢাকার অধিক্ষেত্রাধীন এয়ারফ্রেইট ইউনিট এবং এক্সপ্রেস সার্ভিস ইউনিটে বিভিন্ন প্রকার মালামাল যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য E-Auction Website এর মাধ্যমে আগ্রহী নিলাম ক্রেতাগণের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে। সম্মানিত নিলাম ক্রেতাগণ আগামী ১৮/০৬/২০২৬ খ্রি. তারিখ সকাল ৯:০০ টা হতে ০২/০৭/২০২৬ খ্রি. তারিখ দুপুর ১:০০টা পর্যন্ত www.bangladeshcustoms.gov.bd, www.dch.gov.bd, www.nbr.gov.bd ওয়েবসাইটে উল্লিখিত E-Auction Website Address (https://auction.bdcustoms.gov.bd) এ রেজিস্ট্রেশন/নিবন্ধন অথবা বিডার লগইন করে উক্ত ই-নিলামে অংশগ্রহণ করতে পারবেন।

পণ্য যেখানে যে অবস্থায় রয়েছে, তা সরেজমিন পরিদর্শন করে নিলামে অংশগ্রহণ করার জন্য আগ্রহী নিলাম ক্রেতাগণকে অনুরোধ করা যাচ্ছে। নিলামের দর উন্মুক্ত করার পর নিলাম ক্রেতা/বিডার কর্তৃক পণ্য সংক্রান্ত কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি শ্রেণির দরদাতার ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র, টিআইএন সনদ ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র এবং দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন, টিআইএন সনদপত্র ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র থাকতে হবে। অনলাইন নিলামে অংশগ্রহণকালে/বিড করার সময় দরপত্র মূল্য/কোটেশন মূল্যের কমপক্ষে ১০% অর্থ জামানত হিসেবে যেকোন তফসিলি ব্যাংক হতে **"DCH Commissioner Auction Fund"** এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এর স্ক্যান কপি অনলাইনে দাখিল করতে হবে এবং পরবর্তীতে স্ক্যানকৃত পে-অর্ডারের মূল কপি ও প্রযোজ্য অন্যান্য দলিলাদি নির্ধারিত সময়ের (০২/০৭/২০২৬ তারিখ দুপুর ১:০০ টা) মধ্যে সিলগালাযুক্ত খামে কাস্টমস হাউস, ঢাকা এর নিলাম কমিটির সদস্য সচিবের দাপ্তরিক কক্ষের (কক্ষ নং- ২১৩) সম্মুখে রক্ষিত দরপত্র বাক্সে; কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা; কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এর নিলাম শাখায় রক্ষিত দরপত্র বাক্সে জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে স্ক্যানকৃত পে-অর্ডারের মূল কপি ও প্রযোজ্য অন্যান্য দলিলাদি দরপত্র বাক্সে জমা প্রদানে ব্যর্থ হলে অনলাইনে দাখিলকৃত দরপত্র মূল্য বাতিল বলে গণ্য হবে। ই-অকশন সফটওয়্যারের মাধ্যমে অংশগ্রহণকারী বিডারদের তথ্য আগামী ০২/০৭/২০২৬ খ্রি. তারিখ দুপুর ৩:০০ ঘটিকায় কাস্টমস হাউস, ঢাকার সম্মেলন কক্ষে প্রকাশ করা হবে। উল্লেখ্য যে, আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর প্রযোজ্য শর্ত প্রতিপালন, মামলার তথ্য যাচাই এবং বিদ্যমান অন্যান্য আইন ও বিধি-বিধানের প্রযোজ্য সকল শর্ত পরিপালনপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে খালাস পর্যায়ে পণ্যের বর্ণনা এবং ওজন নিশ্চিত সাপেক্ষে নিলামকৃত পণ্য ছাড়যোগ্য হবে। এছাড়া, সর্বোচ্চ দর মূল্যের উপর সরকারি বিধি অনুযায়ী প্রযোজ্য হারে অগ্রিম আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে। পণ্য পরিদর্শনের তারিখ: আগামী ২৩/০৬/২০২৬ খ্রি. তারিখ হতে ২৫/০৬/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালে বিশেষ ই-নিলামের অন্তর্ভুক্ত পণ্যসমূহ সরেজমিন পরিদর্শন করা যাবে। তবে, এক্সপ্রেস সার্ভিস ইউনিটে রক্ষিত পণ্যসমূহ প্রদর্শনের জন্য আগ্রহী বিডারগণের CAAB নিরাপত্তা পাশ সংগ্রহের লক্ষ্যে ২১/০৬/২০২৬ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে তাদেরকে জাতীয় পরিচয়পত্রের (এনআইডি) অনুলিপি কাস্টমস হাউস, ঢাকার নিলাম শাখায় [কক্ষ নং- ৪১৭ (এ)] জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

লটসমূহের চূড়ান্ত তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে): ৩০/০৬/২০২৬ খ্রি.।

প্রাথমিক তথ্যের জন্য জনাব মোঃ এনামুল হক, সহকারী রাজস্ব কর্মকর্তা, জনাব ফিরোজ কবির মন্ডল, রাজস্ব কর্মকর্তা এবং নিলামকারী প্রতিষ্ঠান: মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬, স্ট্র্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম (জনাব আসলাম উদ্দিন, মোবাইল: ০১৮৪৬-৬৩০২৭৫) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

**বি.দ্র.-** কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় ও পর্যায়ে যে কোন লট/পণ্যচালান বা সকল লট/পণ্যচালানের নিলাম আংশিক বা সম্পূর্ণ স্থগিত বা বাতিল করতে পারবেন।

২৭/০৫/২৬

মোঃ কেফায়েত উল্যাহ মজুমদার
ডেপুটি কমিশনার অব কাস্টমস
ও
সদস্য সচিব, নিলাম কমিটি